Registered No. 35

অমৃতবাজারপত্রিকা

৬ ভাগ | কলিকাতাঃ—১০ই আশ্বিন বৃহস্পতিবার, সন ১২৮০ সাল। ইং২৫শে সেপ্‌টেম্বর ১৮৭৩ খৃঃ অব্দ। | ৩৩ সংখ্যা

বিজ্ঞাপন।

—ooo—

কলিকাতা

বহুবজার ষ্টিট নং ৯২

শ্রীযুক্ত হরিশচন্দ্র শর্ম্মার

ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

অনেক পুরুষ ও স্ত্রী ধাতু দৌর্ব্বল্য ও ইন্দ্রিয় শিথিলতা জন্য সর্ব্বদা মনঃ ক্লেশে কালযাপন করেন। কোন প্রকার চিকিৎসায় ফল প্রাপ্ত না হইয়া হতাশ্বাস হয়েন।

গরমীর পীড়া, শুক্রমেহ, অতিশয় শুক্র ব্যয় ও অন্যান প্রকার অহিতাচরণে শরীর শীর্ণতা ও জীর্ণতা যুক্ত ধাতু অতিশয় দুর্ব্বল হয়, শুক্র পাতলা হয়, ধারণাশক্তি হ্রাস হয় স্মরণ শক্তি কম হয় এবং তন্নিবন্ধন মন সর্ব্বদা স্ফর্ত্তি বিহীনহইয়া থাকে।

ইহার উৎকৃষ্ট ঔষধ এখানে প্রস্তুত আছে ইহা সেবন করিলে স্ফর্ত্তি বিহীন মন ও শরীর স্ফর্ত্তি যুক্ত হইবে, ধারণা-শক্তি বৃদ্ধি হইবে, শুক্র গাঢ় ও পরিমাণে বৃদ্ধি হইবে।

যাহারা এই মহৌষধ গ্রহণে ইচ্ছা করেন তাঁহারা এখানে উপস্থিত হইয়া চিকিৎসার ব্যবস্থা লইবেন কিম্বা পীর অবস্থা বিস্তারিত রূপে লিখিবেন এবং ঔষধের মূল্য ইত্যাদির জন্য থমতঃ ৫ পাঁচ টাকা রপাঠাইবেন। রোগীর নাম, ধাম আমাদিগের দ্বারা প্রকাশের আশঙ্কা না।

যাহারা নাম অপ্রকাশ রাখিতে চাহেন, তাঁহারা কেবল রোগের বিস্তারিত অবস্থা ও ঔষধ পাঠাইবার ঠিকানা লিখিলে আমরা ঔষধ পাঠাইতে পারিব।

শূল বেদনা, মহাব্যাধি, ক্ষয়কাশ, গলগণ্ড অর্শ, বহু মুত্র ও সকল প্রকার উপদংশ রোগের ঔষধ খানে স্তুত আছে।

শ্রীযুক্ত হরিশচন্দ্র শর্ম্মার হেয়ার প্রিজারভার।

নিয়ম মত কিছুদিন ব্যবহার করিলে যুবা ও মধ্যবয়স্ক ব্যক্তিদিগের আর শুক্লবর্ণ চুল থাকিবে না। চুল ঘন ও পুষ্ট হইবে এবং মস্তকের চর্ম্ম প্রকৃতাবস্তা প্রাপ্ত হইবে।

ইহার প্রতি শিশির মূল্য „ „ ১ টাকা
ডাক মাশুল ইত্যাদি „ „ „ „ ‖০ আনা।

শ্রীযুক্ত হরিশচন্দ্র শর্ম্মার হিমসাগর তৈল।

যাহারা অতিশয় অধ্যয়ন ও মানসিক চিন্তা জন্য মাথার বেদনায় ও অবসন্নতায় কাতর থাকেন তাঁহাদিগের পক্ষে ও বাউপ্রধান ধাতুয় পক্ষে এই তৈল অতীব উপকারী।

ইহার প্রতি শিশির মূল্য „ „ ১ টাকা
ডাক মাশুলইত্যাদি „ „ „ ‖০ আনা।

শ্রীযুক্ত হরিশচন্দ্র শর্ম্মার কলেরা ক্যাম্ফার।

ইহা এদেশীয় ওলাউটা রোগের অতীব উৎকৃষ্ট ঔষধ। মাত্রা এক বিন্দু হইতে ২০ বিশ বিন্দু পর্য্যন্ত।
ইহার এক আউন্‌স শিশির মূল্য ‖০ আন
ডাক মাশুল ইত্যাদি।/০ আনা।

হেয়ার প্রিজারভার, হিমসাগর তৈল ও কলেরা ক্যাম্ফার নিম্নলিখিত স্থানে পাওয়া যায়।

বহুবাজার ৯২ নম্বরের বাটী ওরিণ্টেল এপথিক্যারশ হল দাস সরকার এণ্ড কোম্পানির নিকট ও কালেজ স্কয়ার ১৪ নম্বরের বাটী মোহালা নবিশ এণ্ড কোম্পানির নিকট। এবং চিতপুর রোড ২৮৩ নম্বরের বাটী ইউনিভারস্যাল মেডিকাল হলে তত্ত্ব করিলে পাওয়া যাইবে।

নয়শো রূপেয়া

নাটক।

অমৃত বাজার পত্রিকা আফিসে প্রাপ্তব্য। মূল্য একটাকা। ডাক মাশুল ৵০ আনা।

অবলা বিলাপ।

শ্রীমতী অন্নদা সুন্দরী দাসী প্রনীত মূল্য।০ আনা অমৃত বাজার পত্রিকা প্রেস কলিকাতা। ডাক মাশুল / আনা।

মাধবমোহিনী।

উপরের লিখিত মাধবমোহিনী নামক গ্রন্থের কায়া ৩০০ পত্রের অধিক। মুল্য ১ টাকা ডাকমাসুল ৵০ আনা।

উপরের গ্রন্থ কলিকাতার চিৎপুর রোডের ৩৩৬ নং ভবনে শ্রীকিশোর মোহন ঘোষের নিকট প্রাপ্য।

গুপ্ত লাইব্রেরী।

এই গ্রন্থালয়ে প্রায় সকল প্রকার বাঙ্গালা গ্রন্থ বিক্রয়ার্থ উপস্থিত থাকে, অন্যান্য পুস্তক ও সরবরাহ করা যায়, মুদ্রিত তালিকা আবশ্যকমত পাঠান যাইতে পারে।

শ্রীজ্ঞানচরণ গুপ্ত—কর্ম্মাধ্যক্ষ।

পুরস্কার ৫০ টাকা।

আমার পুত্র অভয়চরণ রায় ১২৭৯ সালের ১৭ই ভাদ্র অবধি অনুদ্দেশ হইয়াছে। বয়স ১৯ বৎসর, ঈষৎ শ্যামবর্ণ বামগালে নাকের নিকট একটী কাল দাগ (জতুক) আছে, বাহুর মধ্যস্থলে বেষ্টন করিয়া তাগার ন্যায় একটী পোড়া দাগ আছে, মধ্যমাকৃতি। সম্মুখের উপরের দাঁত ঈষৎ উচ্চ। বাড়ী ঢাকার জেলার অন্তর্গত নবাবগঞ্জ থানার অধীন গালিমপুর। যে ব্যক্তি ইহার অনুসন্ধান করিয়া দিতে পারিবেন তাঁহাকে ৫০ টাকা পুরস্কার দেওয়া যাইবে। অমৃতবাজার পত্রিকার প্রকাশকের নিকট সংবাদ দিলে হইবে। (১)

শ্রীরামচরণ রায়।

WANTED

A Moonshee–must know English–hiberal salary given. Apply to

K. S.

Pakour. G. I. K

সাপ্তাহিক পরিদর্শক।

এই পত্র খানি পুস্তকাকারে প্রতি রবিবারে গুপ্তযন্ত্র হইতে প্রকাশিত হয়, ইহাতে পঞ্জিকা, সাপ্তাহিক সংবাদ, আমদানি, রপ্তানি দ্রব্যাদির বাজার দর প্রভৃতি বিবিধ বিষয় প্রকটিত হয়। মূল্য ডাক মাশুল সমেত অগ্রিম বার্ষিক ৮্ যাণ্মাষিক ৪‖০ ও ত্রৈমাসিক ২৻০।

শ্রীসত্যচরণ গুপ্ত—সহকারী সম্পাদক।

সংক্রামক জ্বরের মহৌষধ।

সহস্র সহস্র পরীক্ষা দ্বারা এই ঔষধের গুণ পরীক্ষিত হইয়াছে। হুগলী ও বর্দ্ধমান প্রভৃতি সংক্রামক জ্বর প্রপীড়িত জেলায় ইহা বাহুল্য রূপ ব্যবহার হইতেছে। জ্বর, প্লীহা যকৃৎ, শোথ প্রভৃতি যে সমস্ত পীড়া মেলেরিয়া বা অতিরিক্ত কুইনাইন ব্যবহার দ্বারা জন্মে তাহার বিশেষ প্রতীকারক। মূল্য ২ টাকা মায় ডাকমাশুল।

অর্শরোগের মহৌষধ।

বিশেষ পরীক্ষা দ্বারা প্রতিপন্ন হইয়াছে যে ইহা দ্বারা সর্ব্বপ্রকার অর্শ এককালে আরোগ্য হয়। মূল্য ১।০ টাকা মায়ডাক মাশুল।

টাকরোগের মহৌষধ

অনেকের বিশ্বাস যে, টাক কখন আরোগ্য হয় না কিন্তু এ ঔষধ ব্যবহার করিলে সে মত অবশ্যই দূর হইবে। মূল্য ১‖ টাক মায় ডাকমাশুল।

উক্ত ঔষধ কয়েকটি কর্ণওয়ালিস্ ষ্ট্রিট ৩৪ নং ভবনে শ্রীযুক্ত বেহারিলাল ভাদুড়ীর নিকট পাওয়া যাইবে। (৩৩)

B. M. SIRCAR'S ABROMA AUGUSTUM.

বাধক বেদনার মহৌষধ।

প্রায় এক বার সেবনেই যন্ত্রনা হইতে আরোগ্য লাভ হয় ও সন্তানোপত্তির ব্যাঘাত দূর করে।

উক্ত ঔষধ এবং সেবনের নিয়ম ডাক্তার ভুবন মোহন সরকারের নিকট কলিকাতা চোরবাগান মুক্তরাম বাবুর স্ট্রিট ৭৭নং ভবনে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

মূল্য ৩।০ টাকা মায় ডাকমাশুল।

ব, এম সরকার কোং চোরবাগান কলিকাতা

কলিকাতা গুপ্ত এজেন্সী।

মোক্তার দালাল, আড়তদার এবং প্রতিনিধির যে সমস্ত কার্য্য উহা উক্ত এজেন্সীর দ্বারা সুন্দররূপে অতি অল্প ব্যয়ে সম্পাদিত হইবে। এজেন্সী আপিষ গুপ্তযন্ত্রে কর্ম্মাধ্যক্ষের নামে মাশুল দিয়া পত্র লিখিলে এজেনসী কার্য্যের মুদ্রিত নিয়মাবলী ও সাপ্তাহিক কলিকাতার বাজার দরের তালিক প্রাপ্ত হইতে পারিবেন, এবং অন্যান্য বিষয় সমস্ত জানিতে পারিবেন।

শ্রীঅভয়চরণ গুপ্ত—কর্ম্মাধ্যক্ষ।

দুর্গোৎসব।

আমরা সংসারক্ষেত্রে প্রবেশ করিয়া কত বি . দ সহ্য করিয়াছি, কত ঝঞ্ঝাট অতিক্রম করিয়াছি, কত পরিবর্ত্তন দ্বারা পরিবর্ত্তিত হইয়াছি। সংসারের ভ্রুকুটীতে আমাদের বাল্য কালের সম্ভবতঃ অনেক কথাই মনে নাই, অনেক ভাবের অন্তর্হিত হইয়াছে। এমন কি বাল্য কালের অনেক সুহৃদের কথা বিস্মৃত হইয়াছি, অনেক বাল্য ক্রীড়া ও ঘটনা ও মনে নাই, কিন্তু দুর্গোৎসবের সেই আনন্দ পূর্ণ ভাব বিস্মৃত হইতে পারি নাই। দুর্গোৎসবের সময় নগর নানা বিধ দ্রব্যাদি দ্বারা পরিপুর্ণ হইত। দুর্গোৎসবের নিমিত্ত শুদ্ধ আমাদের দেশীয় কারিগরগণ নানা বিধি দ্রব্যাদি প্রস্তুত করিত না, আমিরিকা ইউরোপ প্রভৃতির কারিগরগণও দুর্গোৎসবের উপলক্ষে নানাবিধ বসন ভূষণ প্রস্তুত করিতেন। সে দিবস যেরূপ বিয়ানা প্রদর্শনে নানা স্থান হইতে নানাবিধ অপূর্ব্ব দ্রব্যের সমাগম হইয়াছিল, দুর্গোৎসব উপলক্ষেও এদেশে সেইরূপ একটী সাধারণ প্রদর্শন হইত। এই উপলক্ষে কারিগর গণ রাত্র দিবা পরিশ্রম করিয়া, অনাহারে শরীর ক্লিষ্ট করিয়া কারু কার্য্য প্রস্তুত করিতেন, ভিন্ন দেশীয় বণিকেরা এই উপলক্ষে কত অপূর্ব্ব সুন্দর মনোহর নূতন ২ দ্রব্য ভারতবর্ষে প্রেরণ করিতেন। দুর্গোৎসব শুদ্ধ ভারতবর্ষের নহে, শুদ্ধ আশিয়ার নহে শুদ্ধ ইউরোপর নহে, অথবা শুদ্ধ আমেরিকার নহে, কিন্তু উহা পৃথিবীর সমুদয় বাণিজ্য ব্যবসায়ের জীবন প্রদান করিত। এই সময় কোটী কোটী টাকার জিনিষ পত্র খরিদ বিক্রী হইত, হিন্দুরা এই উপলক্ষে কোটী কোটী টাকা ব্যয় করিতেন। নগর উপনগর চাকচিক্যময় হইত, সুগন্ধ দ্রব্যের গন্ধে আমোদিত হইত, নানা বিধ বস্ত্রে চিত্র বিচিত্র হইত, লোকে পরিপূর্ণ হইত। আমরা যখন ডাকের সাজের দোকান গুলি দেখিতে যাইতাম, তখন মনে কত আনন্দই হইত। স্কুল বন্ধ হইল, বিদেশ হইতে, ভ্রাতা পিতা, পিতৃব্য, অন্যান্য আত্মীয় স্বজন বাটী আগমন করিতে লাগিলেন। বাটী আসিব উদ্দেশে আনন্দ হইতে লাগিত এবং যত উহার উদ্যোগ হইত, তত আনন্দে ডগমগ হইতাম। দুর্গোৎসবের নিমিত্ত একটি একটি দ্রব্য ক্রয় করা হইত, আর আনন্দের স্রোতে নৃত্য করিতাম। যখন আমাদের নিমিত্ত নুতন বস্ত্র, নূতন জুতা, নূতন পরিচ্ছদ ক্রয় করা হইত, তখনকার আনন্দ হৃদয়ে ধারণ করিতে পারিতাম না, গালে হাস্য ধরিত না দিনের মধ্যে পাঁচশবার উহা দেখিতাম এবং পাঁচশ বার সমান আনন্দ অনুভব করিতাম। বাটীতে আসিতে বোধ হইত যেন আনন্দ স্রোতে আমাদিগকে আনন্দ সাগরে লইয়া যাইতেছে। গ্রামে অবতীর্ণ হইলাম, দেখি গ্রামের এক অপূর্ব্ব শোভা হইয়াছে। যাহার যথাসাধ্য আপনার গৃহ পরিস্কার করিয়া রাখিয়াছে, গ্রাম বাসীরা সকলেই ব্যস্ত, কেহ নুতন বস্ত্র লইয়া গৃহে যাইতেছেন, কেহ নূতন অলঙ্কার লইয়া যাইতেছেন, কেহ গো শকটে বাজার হইতে খাদ্য দ্রব্যাদি লইয়া আসিতেছেন, সকলের প্রফুল্ল মুখ, সকলই উৎসাহ পূর্ণ। বাটী উপস্থিত হইলাম। একে দুর্গোৎসবের আনন্দ, তাহাতে আবার বিদেশ হইতে গৃহে প্রত্যাগমনের সুখ। দূর হইতে যে বাটী দৃষ্টি গোচর হইত, আর উন্মত্ত হইতাম, পাল্‌কির মধ্যে থাকা অসহ্য হইয়া উঠিত, আমাদের মধ্যে যিনি কিছু বলবান তিনি পাল্‌কি হইতে লম্ফ দিবার উদ্যোগ করিতেন, পিতা বারণ করিতেন কিন্তু তাহা কে শুনে, তখন হৃদয়ের কবাট খুলিয়া গিয়াছে আনন্দে বিহ্বল হইয়াছি, তখন আবার শাসন। তিনি পাল্‌কি হইতে লম্ফ দিয়া পড়িতেন। দুর্ব্বলেরা বিহারাদিগকে শীঘ্র শীঘ্র চলিয়া যাইতে বলিতেন। পাল্‌কির মধ্যে আর স্থিরভাবে থাকিতে পারিতাম না, অধীর ভাবে একবার এদিক একবার ওদিক করিতাম। বেহারার ডাক শুনিয়া কনিষ্ঠ ভ্রাতা ভগিনী এবং অন্যান্য আত্মীয় স্বজন সমুদয় দৌড়াইয়া "ঐ আস্‌ছে, ঐ আসছে" বলিয়া অগ্রসর হইত। আর পাল্‌কীর মধ্যে থাকিবার যো কি, বাহির আসিয়া অমনি তাহাদের গলা জড়াইয়া ধরিতাম। বাটীর কি অপূর্ব্ব শোভাই আসিয়া দেখিতাম। কোথায় গৃহ সংস্কার হইতেছে, কোথায় মিষ্টান্ন প্রস্তুত হইতেছে, কোথায় গেলাস লাণ্ঠন পরিস্কার হইতেছে। সকলে পরিশ্রমে ঘর্ম্মাক্তকলেবর, কিন্তু তথাচ কাহার উৎসাহের কিছুমাত্র লাঘব নাই, কেহ পরিশ্রমে বৈরক্তি প্রকাশ করিতেছে না। গ্রাম্য লোকেরা দুর্গোৎসব উপলক্ষে সখের যাত্রা করিতেছেন, তাহাদের বাদ্য গীতে গ্রাম আচ্ছন্ন করিয়াছে। গৃহের মধ্যে প্রবেশ করিলাম, মাতা হাসিতে হাসিতে আসিয়া উপস্থিত, স্নেহভাবে মুখচুম্বন করিলেন। কিন্তু গৃহের মধ্যে বসিতে পারিতাম না। অনাহারে কিছুমাত্র বিশ্রাম না করিয়া গ্রামের মধ্যে প্রবেশ করিতাম এবং একে একে সকল সমবয়স্কদিগের সঙ্গে দেখা করিতাম। সকলের মুখ প্রফুল্ল, সকলের মুখে এক কথা। গ্রামে আন্দোৎসব আরম্ভ হইয়াছে, কত নূতন লোকের সমাগম হইয়াছে।

সুসজ্জিত দশ ভুজা মূর্ত্তি মধ্য স্থলে দণ্ডয়মান, দুই দিকে লক্ষ্মী সরস্বতী, এক দিকে কার্ত্তিক অপর দিকে গণ-পতি। পুষ্প নৈবেদ্য, ধুপ দীপ দ্বারা চতুর্দ্দিক সুশোভিত ও সুগন্ধময়। ব্রাহ্মণ ভট্টাচার্য্য গণ ভক্তি ভাবে গদ গদ হইয়া পুজা করিতেছেন সন্ধ্যা আরতির সময় যখন বাটী দীপমালা দ্বারা আলোকিত হইত, বাদ্য রবে আকাশ প্রতিধ্বনিত হইত, ধুপের সুগন্ধময় ধুম দ্বারা গৃহ যেন মেঘাচ্ছন্ন করিত, ইহার মধ্যে দীপ সমুদয় তারকা রাশীর ন্যায় শোভা দিত, আবার চামর ব্যজন দ্বারা ধুম-রাশী তরঙ্গ মালার ন্যায় নৃত্য করিত, দীপমালা সমুদয় বায়ু ব্যজনে দোদুল্যমান হইত, পুষ্প গন্ধে গৃহ আমোদিত হইত, এই সমুময় দেখিয়া মনে এক অপূর্ব্ব অচিন্তনীয় ভাবের আবির্ভাব হইত, হৃদয়ের কবাট উন্মোচিত হইত, হৃদয়ের মধ্যে আনন্দ প্রবাহ প্রবাহিত হইত, হৃদয় ভাবে গদ গদ হইত। ইহাতে আবার যখন উপাসক গণ দুর্গার সম্মুখে দণ্ডায়মান হইয়া ভক্তি পূর্ব্বক হৃদয়ের সঙ্গে মা মা বলিয়া সম্বোধন করিতেন, তাহাদের নেত্র হইতে ভক্তি বারি অনর্গল নির্গত হইত তখন আমাদের মনে যে ভাবের উদয় হইত তাহা প্রকাশ করা যায় না। তখনকার সেই মধুর ভাব হইতে দয় যে পীযূস পান করিয়াছে, তাহাতে এখন অনেক সময় বিহ্বল করিয়া ফেলে। অনেক সময় ইচ্ছা হয় যে সেই ভাবটী প্রকাশ করি, কোন আকার দিয়া জগতে রাষ্ট্র করি, কিন্তু মন তাহা অনুভব মাত্র করিতে পারে প্রকাশ করিতে পারেনা। যাহারা চিন্তাশীল তাহারা দার্শনিক তর্ক দ্বারা বৈজ্ঞানিক সত্য দ্বারা কি মানসিক অন্য কোন শক্তি প্রভাবে ঈশ্বর চিন্তা দ্বারা অপার আনন্দ সাগরে নিমগ্ন হইতে পারেন। কিন্তু ঈশ্বর সম্মুখে দণ্ডায়মান রহিয়াছেন, এবং ভক্তেরা তাঁহাকে মা মা বলিয়া সম্বোধন করিতেছেন, ইহার প্রভাব অনিবার্য্য ইহাতে শরীর ও মন অকস্মাৎ অবসন্ন করে, আনন্দে হৃদয় বিগলিত হয় এবং যদি স্বর্গ সুখ থাকে তবে তাহার কিছুমাত্র আভা এই সময় দীপ্তমান হয়। দরিদ্র ধনী মুর্খ পণ্ডিত স্ত্রী পুরুষ অন্তজ মহদবংশজাত সকলে গল লগ্নকৃতবাস হইয়া ঈশ্বরকে সম্মুখে প্রাপ্ত হইয়া মা মা বলিয়া ক্রন্দন করিতেছে, দুর্গা তাহাদের প্রতি সস্নেহ নয়নে হাস্য মুখে অবলোকন করিতেছেন, এ ভাব অচিন্তনীয়, অপূর্ব্ব, মনোহর। এই দুর্গোৎসব উপলক্ষে আমরা সারা বৎসরের পরিশ্রম ক্লান্তি বিস্মৃতি হইতাম। নানা দেশ বিদেশের বন্ধুর সঙ্গে পুনর্মিলন হইত, দূরস্থিত আত্মীয় স্বজন ভগিনী দুহিতা পুত্রবধু প্রভৃতিকে আনয়ন করিতাম, দূরহইতে আত্মীয় স্বজন উপস্থিত হইতেন আবার সকলে একত্র সম্মিলিত হইতাম। বিজয়া দশমীর কোলাকুলির প্রথাটী কি অপূর্ব্ব। আমরা দুর্গা বিসর্জ্জন দিয়া গৃহে প্রত্যাগমন করিয়া জনে জনে কোলাকুলি করিতাম। ইহাতে আমাদের পূর্ব্বের স্নেহ মমতা, আত্মীয়তা পুনরুদ্দীপ্ত হইত আবার এই উপলক্ষে অপরিচিত অনাত্মীয়ের সঙ্গে আত্মীয়তা হইত। পূজার উপলক্ষ্যে সকল বিবাদ ভঞ্জন হইয়া যাইত, চিরশত্রু মিত্রেতে পরিবর্ত্তিত হইত। উপঢৌকন আদান প্রাদান দ্বারা কত লোকের সঙ্গেই নূতন আত্মীয়তা হইত, কত পরিবারের সঙ্গে এই উপলক্ষে নূতন কুটুম্বিতা হইত।

কিন্তু এ সেই দুর্গোৎসবের সময়। এই সেই শরতকাল। কিন্তু এখন পল্লিগ্রামে গিয়া কি দেখি, জর, কর, মকর্দ্দমা, মনোবিচ্ছেদ, শোক, তাপ, দারিদ্র্য!

বি, এল।

নূতন উকিল দিগের সম্বন্ধে গবর্ণমেণ্ট নিয়ম করিয়াছেন যে, বি এল পরীক্ষায় উত্তীর্ণ হইয়াই কেহ হাইকোর্ট প্রবেশ করিতে পারিবেন না। বি, এল দিগের হাইকোর্টে প্রবেশ করার পূর্ব্বে কোন আটর্ণিকি হাটকোর্টের উকিলের অধীনে দুইবৎসর কর্ম্ম শিক্ষা করিতে হইবে।

নূতন বি এল গণ যখন হাইকোর্টের উকিলের কি আটর্ণির অধীনে কাজ কর্ম্ম শিক্ষা করিতে প্রবৃত্ত হন, তখন একটী কণ্ট্রাক্ট লেখা পড়া হইবে। এই কণ্ট্রাক্ট খানি হাইকোর্টের রেজিষ্ট্রারের আফিসে দাখিল করিতে হইবে। ও হাইকোর্টের উকিলের কি আটর্ণি সেখানে এই মর্ম্মে আফিডেবিট করিবেন যে, তাঁহারা পাঁচ বৎসর হাইকোর্ট কাজ করিতেছেন। একজনের নিকট ক্রমাগত দুইবৎসর যদি কর্ম্ম কাজ শিক্ষা করার কোন ব্যাঘাত উপস্থিত হয় তবে অন্যের সঙ্গে আবার বন্দো

করিতে হইবে। ক্রমাগত দুই বৎসর এ কাজ কর্ম্ম শিক্ষা করিয়া তাহাদের রেজিষ্ট্রারের নিকট সপ্রমাণ করিতে হইবে যে, তাহারা নিয়ম মত দুইবৎসর কাজ কর্ম্ম শিক্ষা করিয়াছেন। যে উকিল দিগের অধীনে তাহারা ক্লার্ক ছিলেন তাহাদেরও ইহা রেজিষ্ট্রারের নিকট সপ্রমাণ করিতে হইবে। এতদ্ভিন্ন বি এল গণ যদি ক্রমাগত চারি বৎসর মফস্বলে ওকালতী করেন এবং জজ সাহেবেরা এবিষয়ে সার্টিফিকেট দেন তাহা হইলেও বি এল গণ হাইকোর্টে গমন করিতে পারিবেন। বি এল দিগের হাইকোর্টে প্রবেশ করিবার অন্যূন এক মাস পূর্ব্বে রেজিষ্টারের নিকট আবেদন এবং উহা অন্যূন চারিবার কলিকাতা গেজেটে প্রকাশ করিতে হইবে।

আমাদে দেশে ডাক্তরি, এঞ্জিনিয়ারিং এবং ওকালতী এই তিনটি ব্যবসায় বর্ণমেণ্ট শিক্ষা দেন, ইহার মধ্যে ডাক্তারি ও এঞ্জিনিয়ারিং শাস্ত্র পাঠ্যথাকে শিক্ষার সঙ্গে২এক রূপ করিত কর্ম্মা করিয়া দেন। কিন্তু ওকালতী বিষয়ে সে রূপ শিক্ষা হয় না। বি এল পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যুবারা যখন ব্যবসায়ে প্রবেশ করেন তখন তাঁহারা চারিদিক অন্ধকার দেখেন। তাঁহারা আদালতের কোন কাজ কর্ম্মের দাঁড়া দস্তুর জানেন না, আবার তেমান জটিলতা, কুটিলতা, অভেদ্য শঠতা পূর্ণ বিচারালয় তাঁহাদের কর্ম্ম ক্ষেত্র, সুতরাং তাহারা নিজ অজ্ঞতার নিমিত্ত শুদ্ধ অপরের অনিষ্ট করেন না, অনেক সময় নিজের ক্ষতিও করেন। গবর্ণমেণ্ট আজ কয়েক বৎসর ইহার প্রতিবিধান করিবার উদ্যোগ করিয়া সম্প্রতি উপরের প্রকাশিত নিয়ম করিয়াছেন এবং ইহা দ্বারা যে বিশেষ উপকার হইবে তাহার কোন ভুল নাই। তবে উপরের নিয়ম অনুসারে হাইকোর্টে গমন সম্বন্ধে বি এল দিগের কতকটা উকিল ও আটর্ণি দিগের অধীনে থাকিতে হইতেছে। আমাদের শাস্ত্রে আছে যে এক ব্যবসায়ী দিগের মধ্যে সৌহার্দ্য থাকা অসম্ভব। উকিলেরা যত মহতই হউন না, ইচ্ছা পূর্ব্বক যে আপনাদিগের প্রতিদ্বন্দী প্রস্তুতের নিমিত্ত যত্ন করিবেন সে বিষয় কতক সন্দেহ করা যাইতে পারে। আরো ইংলণ্ড প্রভৃতি স্থানে এরূপ কাজ শিক্ষানবিস দিগের অনেক ফি দিয়া কাজ শিক্ষা করিতে হয়। হাইকোর্ট যে রূপ নিয়ম করিয়াছেন তাহাতে বোধ হইতেছে এখানে উকিলেরা এ বিষয়ে ফি পাইবেন না। বি এল কর্ত্তৃক যদি উকিলেরা কোন বিশেষ সাহায্য পাইতেন তাহা হইলেও কতক পরিমাণে উপকৃত হইতে পারিতেন, কিন্তু যাহারা বি এল তাহারা সম্পূর্ণ না হউন প্রায় হাইকোর্টের উকিল হইবেন। ইহাদের পক্ষে তুল্যপদ বিশিষ্ট ব্যক্তির তাঁবেদারি করা নিতান্ত প্রীতিকর হইবে না এবং উকিলগণ ইহাদের প্রতি অধীনস্থ ব্যক্তির ন্যায় ব্যবহার করিতে পারিবেন না। হাইকোর্টের এরূপ কোন নিয়ম করা উচিত যাহাতে এ গোলটী না ঘটে।

অপর নিম্ন আদালত গুলিও বিচারালয় এবং সেখানে আমাদের ধন সম্পত্তি সম্বন্ধে বিস্তর মোকদ্দমা হয়। যাহারা হাইকোর্টের যোগ্য হইবেন না তাহারা জেলা কোর্টের যোগ্য হইবেন? এ কিরূপ নিয়ম? আমাদের বিবেচনায় কাজ কর্ম্ম শিক্ষা করিয়া উকিলেরা কোন বিচারালয়ে কাজকর্ম্ম করিতে পারিবেন না এরূপ নিয়ম করা উচিত। অন্যান্য ব্যবসায়ের ন্যায় উকিলদিগের কালেজ হইতে যদি কতক কাজ কর্ম্ম শিক্ষা দেওয়া হয় তবে সমুদয় গোলের মীমাংসা হয়, কালেজে তাহারা এবিষয়ের শিক্ষা পান এবং মধ্যে মধ্যে কোন বিচারালয়ে গিয়া কাজ কর্ম্ম দেখিয়া আইসেন তাহা হইলে সম্ভবতঃ সর্ব্বাপেক্ষা ভাল হয়। বোধ হয় এটি নিতান্ত কঠিন বিষয় নহে।

সমালোচনা।

কমলে কামিনী, নাটক। রায় দীনবন্ধু মিত্র বাহাদুর প্রণীত। রায় দীন বন্ধু বাহাদুরের এ পুস্তক খানি অতি উপযুক্ত পাত্রকেই উৎসর্গ করা হইয়াছে। দীনবন্ধু বাবু এদেশের এক জন প্রসিদ্ধ নাটক লেখক। দুই এক কথায় তাঁহার পুস্তকের সমালোচনা করা উচিত হয় না। কমলে কামিনী নিশ্চয়ই কলিকাতার কোন না কোন থিয়েটরে অভিনীত হইবে। কমলে কামিনী অভিনীত হইয়া গেলে আমরা ইহার সম্বন্ধে আমাদের অভিপ্রায় ব্যক্ত করিব।

অবকাশ তোষিণী মাসিক পত্র। লেখক দিগের যেরূপ যত্ন, তাহাতে তাঁহাদের কৃতকার্য্য হওয়াই কর্ত্তব্য।

মাসিক পত্রিকা। ইহার প্রথম সংখ্যা পাঠে আমরা তত প্রীতি লাভ করিতে পারি নাই। অন্যান্য সংখ্যা অপেক্ষাকৃত উৎকৃষ্ট হইয়াছে।

জয়দেব চরিত। শ্রীরজনী কান্ত গুপ্ত প্রণীত।

স্মৃতিতত্ব। স্মার্ত্ত শ্রীমদ্রঘু নন্দন ভট্টাচার্য্য কৃত মূল শ্রীযুক্ত রমাপতি তর্ক ভূষণ কৃত অনুবাদ সহ প্রকাশিত।

এই দুই খানি পুস্তক দেখিয়া আমাদের মনে একটী আনন্দ ভাবের উদয় হইয়াছে। সেই আনন্দ প্রকাশের জন্যে আমরা উক্ত দুইখানি পুস্তক একত্রে সমালোচনা করিতেছি, অন্য কোন কারণে নহে। ভারত বর্ষের দিগন্তব্যাপিনী অন্ধকারের মধ্যে বঙ্গদেশে তিনটী জ্যোতিষ্ক সমুদিত হইয়াছিলেন, যাঁহারা বঙ্গভূমির কেন, সমস্ত পৃথিবীর গৌরবাস্পদ। জয়দেব, চৈতন্য দেব, ও রঘুনন্দনকে দেখাইয়া আমরা বলিতে পারি যে দুর্ব্বল ও পরাধীন বাঙ্গালীর মধ্যে মহাপুরুষ সকল জন্ম গ্রহণ করিতে পারেন। জয়দেবের বীণা নাদ যিনি একবার শুনিয়াছেন, তিনি ব্রাহ্ম হউন, নাস্তিক হউন, কখনও তাহা ভুলিতে পারিবেন না। উন্নতিশীল কৃতবিদ্য হিন্দু কৃষ্ণ লীলা বিষয়ক গ্রন্থ অপাঠ্য বলিয়া দূরে নিক্ষেপ করিতে পারেন, কিন্তু জয়দেব পাঠ করিয়া তিনি মোহিত হইবেন। রজনী বাবু জয়দেবের জীবনি সংগ্রহে বিশেষ পরিশ্রম স্বীকার করিয়াছেন। তিনি জয়দেব চরিত কোন পুস্তক হইতে অনুবাদ করেন নাই, নিজে নানা স্থান হইতে উপাদান সংগ্রহ করিয়া সংক্ষেপে কবির একটি জীবন লিপিবদ্ধ করিয়াছেন। পুস্তক খানি আরও বড় হইলে ভাল হইত। যাহা হউক আমরা ভরসা করি বঙ্গীয় পাঠক সমাজ এপুস্তক খানি অতি আগ্রহের সহিত গ্রহণ করিবেন।

রঘুনন্দন মন্বাদি প্রণীত ধর্ম্ম শাস্ত্র সকল অবলম্বন করিয়া স্মৃতিতত্ব লিখিয়াছিলেন বটে, কিন্তু তিনি নিজে ক্ষমতাবান পুরুষ ছিলেন। তাঁহার ব্যবস্থা সকল এখন বঙ্গীয় হিন্দু সমাজের নিয়ামক। পণ্ডিত রমাপতি তর্ক ভূষণ স্মৃতিতত্ব অনুবাদ করিয়া হিন্দু সমাজের একটী মহোপকার সাধন করিতেছেন।

বালচিকিৎসা। প্রথম খণ্ড। এই পুস্তক খানি ৪ভাগে বিভক্ত। ১ম ভাগ। শিশু পালন। শিশু ভূমিষ্ট হওয়া অবধি ১০ বৎসর পর্য্যন্ত তাহাকে যে নিয়মে আহার দিতে হয় ও তাহার রক্ষণাবেক্ষণ করিতে হয় তৎ সমস্ত বর্ণিত হইয়াছে। অনেকেই সদ্যঃ প্রসূত শিশু দিগকে পশু দুগ্ধ সেবন করাইয়া থাকেন, এই নিমিত্ত মাতৃ দুগ্ধের সহিত গো, মেষ, ছাগ প্রভৃতি পশু দুগ্ধের প্রভেদ কি, এবং ঐ সকল দুগ্ধ পান করিলে শিশুর কি ২ অনিষ্ট হইতে পারে, তাহা স্পষ্ট দেখান হইয়াছে। মাতৃদুগ্ধই শিশুর একমাত্র আহারোপযোগী, কিন্তু বিবিধ কারণে মাতৃ দুগ্ধ বিকৃত হয়। ঐ বিকৃত দুগ্ধ পানে শিশুর নানা প্রকার রোগ জন্মে, অতএব মাতৃদুগ্ধ অভাবে অন্য স্ত্রীলোকের দুগ্ধ সেবন করান যাইতে পারে। এইরূপ স্ত্রীলোক কিরূপে মনোনীত করিতে হয়, এবং কিরূপ আহারে তাহারা স্বাস্থ্য রক্ষা করিতে পারে তদ্বিষয় বর্ণিত হইয়াছে। যদি মাতৃদুগ্ধ বিকৃত হয়, অন্য স্ত্রীলোক না পাওয়াতে শিশুকে স্তন্য দিবার উপায় রহিত হয়, তাহা হইলে শিশুকে কি রূপে আহার দিতে হইবে তদ্বিষয় বর্ণিত হইয়াছে। অনেক স্ত্রীলোকেই শিশুকে কতদিন স্তন পান করাইতে হয় তাহা জানেন না, এই নিমিত্ত তাহারা ২। ৩ বৎসর পর্য্যন্ত স্তন্য দিয়া থাকেন। এই দীর্ঘ কাল স্তন্য দানে শিশু ও প্রসূতির কত অনিষ্ট হয় তাহা স্পষ্ট বিবৃত হইয়াছে। এবং তৎপরে স্তন্যদুগ্ধ ছাড়াইবার কাল ও নিয়ম নির্দ্ধারিত হইয়াছে। দন্তোদ্ভেদ কালে শিশুর বিবিধ অনিষ্ট হইয়া থাকে, এই নিমিত্ত তাহার রক্ষাণাবেক্ষণের নিয়ম গুলি বিস্তীর্ণ রূপে প্রদর্শিত হইয়াছে। অবশেষে শিশু রক্ষণের সাধারণ নিয়ম, তাহার বাস গৃহ, স্নান, ব্যায়াম, নির্ম্মলতা ইত্যাদি লিখিত হয়।

২য় ভাগ। ভৈষজ্য তত্ব শিশুদিগের উপযোগী কোন ২ ঔষধ, তাহাদের গুণ, মাত্রা প্রভৃতি দেওয়া হইয়াছে। ৩। ৪ টী ঔষধে কিরূপ সংযোগ করিতে হয় তদ্বিষয় লিখিবার নিমিত্ত ঔষধ গুলি শ্রেণীভুক্ত হইয়াছে। প্রত্যেক শ্রেণীর গুণ বর্ণন, যে ২ পীড়ায় ঐ সকল ঔষধ প্রয়োগ করা যায় তাহাদের নাম এবং ঐ সকল ঔষধের উৎকৃষ্ট ব্যবস্থা অর্থাৎ প্রিস্ক্রিপসন দেওয়া হইয়াছে। যখন পীড়ার চিকিৎসা বর্ণিত হইয়াছে, তখন এই সকল প্রিসক্রিপসনের সংখ্যা তথায় প্রদত্ত হইয়াছে।

৩য় ভাগ। [সাধারণ পীড়া বর্ণন করিবার পূর্ব্বে শিশুর রোগ পরীক্ষা কিরূপে করিতে হয়, রোগ পরীক্ষার বিঘ্ন কি এবং তাহা অতিক্রম করিবার উপায় শিশু পীড়িত কি সুস্থ তাহা জানিবার [illegible] তাহার রোগ লক্ষণ স্বাস্থ্য-চিহ্ন, ইত্যাদি বর্ণিত [illegible] য়াছে। এই ভাগে জ্বর, হাম, বসন্ত, গোবস[illegible] টীকা দিবার প্রথা, আরক্ত জ্বর, ডেঙ্গুজ্বর, বাগ্‌যন্ত্র বিকৃতি, উপদংশ প্রভৃতি প্রধান ২ পীড়া সুবিস্তীর্ণ রূপে বর্ণিত হইয়াছে। তদ্ব্যতীত যে সকল রোগ সচরাচর হয় না, বা যাহাতে প্রাণ নাশের আশঙ্কা নাই, তাহাও পরিত্যক্ত হয় নাই।

৪র্থ ভাগ। ইহাতে স্থানীয় পীড়া সকল বর্ণিত হইয়াছে। পরিপাক যন্ত্রের পীড়াই শিশুদিগের অধিক হইয়া থাকে, এই নিমিত্ত ২১টী পীড়া বিবৃত হইয়াছে, তন্মধ্যে দন্তরোগ, মুখশোষ, বমন, পাককৃচ্ছ্র, বিবিধ উদরাময়, কোষ্টবদ্ধ অন্ত্রকৃমি, পরিবেষ্টের পীড়া প্রভৃতি সুবিস্তীর্ণরূপে বর্ণিত হইয়াছে। মূত্র যন্ত্রের পীড়া গুলি অধিকাংশ সংক্ষেপে বর্ণিত হইয়াছে, কেবল যে সকল পীড়া সতত হয় তাহারই বর্ণনা বিস্তৃত হইয়াছে। শ্বাস প্রশ্বাস যন্ত্রের পীড়া কোনটীই সংক্ষেপে বর্ণিত হয় নাই। পীনস, বিবিধ কাশ, হাঁপানি, যক্ষা, ত্বগাচ্ছাদন, ফুস্ফুস ও তাহার বেষ্টের প্রদাহ, আক্ষেপিক রোগ ইত্যাদি ইহার অন্তর্গত। রক্ত সঞ্চালন যন্ত্রের পীড়া অল্প হয় বলিয়া তাহার সংখ্যাও অল্প এবং বর্ণনাও সংক্ষিপ্ত।

এই পুস্তক খানি আমাদের একটী বিশেষ অভাব মোচন করিয়াছে। পুস্তক খানি অতি সরল ভাষায় লিখিত হইয়াছে এবং উহার মুদ্রাঙ্কন কার্য্যও অতি সুচারু হইয়াছে। এলোপেথী মতের চিকিৎসা প্রণালীতে যাহারা বিশ্বাস করেন, এরূপ গৃহস্থ ব্যক্তি সকল ইহার এক২ খণ্ড পুস্তক রাখিলে অনেক সময় বিশেষ উপকার প্রাপ্ত হইবেন।

পরিমিতি প্রক্রিয়া। বাবু ক্ষেত্রমোহন ভট্টাচার্য্য যে জরিপ ও পরিমিতির পুস্তক প্রস্তুত করিয়াছেন এ পুস্তক খানি তাহার সাহায্য কারী। আমরা যত দূর পাঠ করিয়া দেখিলাম তাহাতে বোধ হইল যে ইহা ছাত্রদিগের বিশেষ উপকারে আসিবে।

THE AMRITA BAZAR PATRIKA

CALCUTTA—THURSDAY, SEPT 2Ist, 1873

We are given to understand that special arrangements have been made in the *Mitralyas* of Babu Nil Comul Mittra of Allahabad for the accommodation and comfort of native passengers. We would recommend to the Holiday tourists for the N. W. P. these native hotels which afford every advantage at cheap rates.

—o—

We havereceived a copy of geography published by Baboo Hari Mohun Mookerjee. It bears the unpretending title "School Geography." This work is compiled in the hope that it will benefit the students belonging to the Entrance classes in our schools and we can safely recommend the book to them. It is indeed very well suited to the capacities of Indian youths and contains a great deal of useful information in a short compass.

——o:o——

The *Englishman* has the following :-

"The Government of Bengal has recommended the Government of India to create a post of Public Prosecutor in all criminal cases, whose office will be immediately under the Government of Bengal, and who will occasionally assist in the Secretariat work with his legal opinion. In fact, it is proposed that the appointment shall be attached to the Secretariat. It is also in contemplation to abolish the office of Legal Remembrancer the civil side of the office immediately under the control of the Board, placing the Government pleaders in connection with the civil business under the Board. This scheme has gone up to the Government of India, who may, if there is no additional expenditure required by the change, sanction it at once. If the scheme involves any increase in the total expenditure, it will have to go home to the Secretary of State. We hear that Mr. O'Kinealy will probably be appointed first Public Prosecutor. The Lieutenant-Governor has also, we understand, asked theGovernment of India to place the service of the Advocate-General, Standing Counsel, and the Solicitor under the Government of Bengall."

Yes : with a strong and convicting executive, a corrupt and heartless police, a vile and horrible jail, a Draconian Code in full force and the liberties of the people completely at the mercy of a few raw, inexperienced youths, the post of a Public Prosecutor under the immediate supervision of the Lord of Belvedere and Mr Okeneally of Jessore notoriety as its incumnebt, will add another beautiful chapter to the reign of Sir George Campbell.

—o—

In our last Thursday's article against Postal Officers, we failed to add to the list of the victims the name of Baboo Bhoobun Mohun Chatterjee an Inspecting Post Master now on medical leave. The Baboo is an old officer in the Department, next in rank and service to Rai Dino Bundhoo Mitter Bahadoor and Roy Soorja Naryan Banerjee Bahadoor and senior to the rest of such incumbents we noticed before. The Baboo's service is unquestionably meritorious and Mr. Tweedie entertained a very high opinion of him. He served with great reputation in all the bad districts and was subsequently transferred to the Cuttuck Division, where he introduced many wholesome reformations, effected the speed of the mails &c, to the entire satisfaction of his superiors. The Baboo was enjoying privilege leave for a couple of months after a hard work of two years, when Mr. Gribble became the Post Master General, and coming to know the circumstance of his being a favorite of Mr. Tweedie, at once removed him from Cattuck to Upper Assam. The Baboo is a genuine Hindoo and it is no way practicable for him to reach his new division, the voyage being made on board of a streamer for so many days. Besides the Baboo has been suffering from a serious illness since last three months. He is now waiting at Bhuggulpore for a change. As there is no other alternative left for him in this predicament, we hear that he has prepared his mind to retire from the service. This is the fate of a meritorious career under our Government! We repeat, will Lord Northbrook kindly enquire ?

——:o:——

We understand that there is on the anvil a proposal for creating the post of a Chief Postal Inspector for the districts of Assam. We think none has a greater claim to it than Roy Soorjao Narayan Benerjee Bahadoor. What Roy Denebundho is to the Western Bengal, Roy Soorja Narayan is to Assam. He effected postal revisions in Assam for which he received high encomiums from Government and was justly honored with the title of "Roy Bahadoor." The present excellent state of the Assam Dak line is soely owing to his energy and ability. Almost all the Government officials of Assam have most enthusiastically borne testimony to the immense good done by him and we shall quote here their words to show that what an energetic man can do even under the most unfavorable circumstances. Col. Agnew the Commissioner of Assam thus writes a letter to the Babu:—"The Commissioner of Cooch Behar would have written very differently had he known of the extraordinary improvement that your exertions have effected in the time taken to carry the mails to Upper Assam, and the obstacles you so successively overcame in establishing a land transit between Kaliabur and the Dhunsiri a distance of more than fifty miles, on the first twenty six miles of which no human habitation is visible except your stage houses and a rest house of the Department of the Public Work, and this improvement you effected without either "good roads or a gigantic expenditure." Col. Hopkinson Agent. to Govr. Genl. N. E. Fro. thus acknowledges his merit :—"You will also I hope permit me to bear testimony to the serious difficulties which the circumstances of this province opposed to your carrying out the improvement in the speed of the mail transit in Assam and the fertility of resources, the power of organization and the physical as well as the mental vigor, and the hardihood and determination you have shown in carrying them out." Mr Dove, the late Director General of Post Office of India noticed with great approbation the services of Baboo Soorja Naryan and in a letter to the Post Master General of Bengal says 'I am fully satisfied with the conduct of Baboo Soorja Naryan Banerjee through whose energies and peculiar tactics the irregularity has been brought to light and I request you to convey my thanks to him." It was Mr Hogg however who knew him more thoroughly and who most warmly thus acknowledges his sterling merit "After a perusal of the file connected with Postal revision in Assam I cannot but be sensible of the energy, firmness and indomitable perseverance with which you have, in spite of very formidable obstacles effected a great improvement in the regularity and speed connected with the travelling of the mails in Assam and this acknowledgment of services rendered is but your due." After the above, even the bitterest enemy of Roy Soorja Naryan will not we believe grudge to see him hoisted to the contemplated post and Government by prmoting him will barely do an act of justice.

—:o:—

We hear that fever has again broken out in the subdivision of Jahanabad. Already thousands of people have fallen victims to this scourge and we do not know how many thousands more are fated to die an untimely death or be rendered useless for life. We have cried long and loud at the apathetic conduct of Government and we have not the heart to do so any more. If it were possible to hold an inquest on the bones which whiten the land, Government would indeed receive a terrible lesson. But Government is still more culpable in the way in which it favors certain theories relating to the epimemic fever and spends lakhs of rupees to test them while it rejects others solely because they have been advanced by natives and laymen. We do not exactly know what vast sums were wasted to lead a crusade against bamboos and small woods of villages, but this we know that the attitude taken by Government in connection with the matter did no good whatever. On the other hand, it gave only salt to the wound in the shape of immense loss which the poor, fever-stricken were put to in clearing jungles. Again Government has most liberally come forward and sanctioned 3 lacks of rupees to institute enquiries regarding the theory of Col. Haig who is of opinion that "fever is due in great part to poverty and over-population." There is an absurdity in the face of this notion which it is strange has escaped the notice of Government. If poverty were the cause of the epidemic fever, why should well-to-do people and even rich zemindars and mahajans should fall victims to it ? The value or wisdom of these enquiries in connection with the question at issue we need not stop here to discuss. We have only this to say why the theory advanced by Hon. Baboo Degumbor Mittra should not have a fair trial ? His theory is founded upon a mass of facts which neither the Government nor the public can deny. It has been supported and applauded by the *Indian Medical Gazettee* the best authority on the subject. As a practical test of the correctness of his theory the Babu exhorts Government to remove obstructions to the drainage of Mahesh and Rishra the cost whereof would not exceed 200 Rs. at most, but we want words to express our surprise at the manner in which Government has shut its ears against this most humane and practicable proposal. We can indeed form no conception of the obstinacy of our Anglo-Indian rulers. They would rather see millions of their fellow creatures die before them than yield an inch to the truth which is likely to remove the cause of this calamity, because they were once opposed to it. But does it never occur to our Anglo-Indian rulers that if the drainage theory of Babu Degumbor Mittra be a correct one, they can be held guilty of culpable homicide for their obstinate refusal to accept the same and give it a fair test ? In the name of humanity we once more exhort our Government to pause and contemplate before it rejects the theory brought forward by the native member of the Bengal Council.

——oo——

Registration Report—The Lieutenant Governor's Resolution on this subject is rather a meager one. It is not as interesting and full as his resolutions usually are. His Honor raises an important question and then suddenly leaves it off as if it required no serious attention. The Lieutenant Governor suggests that "no kabooleat should be registered without a corresponding patta." but he gets over the suggestion with the curious admission that "the subject is a very large one which cannot be properly discussed here.' Where ought it to be discussed ? Sir George is however very liberal in his praises of Mr. Beverley the Inspector General on leave, and Mr. Wilson his successor who has submitted the report. The Lieutenant Governor notices with satisfation that Babu Chunder Mohun Chatterjee of Calcutta, Mr. Rattray of Gya, and Babu Mohesh Chunder Bose of Noakhali are spoken of as deserving of special credit. We miss in the list of meritorious officers the name of Babu Sunjib Chunder Chatterjee who was so highly spoken of last year by His Honor and who for his intelligence, ability and experience was selected to take charge of the census works under Mr. Beverley. The Lieutenant Governor delights in the prospect of an increase in the registration work in the country. He seems to regret that registration has not been sufficiently developed in the country, that the deeds registered bear an insignificant proportion to the number of transactions that take place amongst a population of 66 millions and he is of opinion that if proper facilities be afforded, the number of registrations will increase with the number of registering offices. The more the Government interferes with the people, the more they lose their confidence in each other, and though Government has done its best by its laws and interfering proclovities to pit the ryot against the zemindar and the ryot against the ryot, fortunately a great deal of confidence in each other still exists in the Hindu society. And where there is confidence registration must be rare. Indeed the money lenders may, if they find registering offices accessible and near insist upon registering their bonds to keep their money safe, but this will not enrich Government but only impoverish the poor ryots and destroy their confidence in each other. If only for want of facilities registration is not resorted to, then an increase in civil cases must be the inevitable consequence. The population is increasing and along with it the transactions, why then the number of civil cases is not increasing ? Why on the contratry the number

—গত ৬ই আশ্বিন তারিখে বহুবাজার ষ্ট্রীট নং৯২ টীতে একটী বিধবা বিবাহ সম্পন্ন হইয়া গিয়াছে। রের নাম বাবু বিনোদবিহারি চক্রবর্ত্তী, বয়ঃক্রম ২১ ৎসর। কন্যার নাম শ্রীমতি কুমুদিনী দেবী, বয়ঃক্রম ১৫ বৎসর। পাত্রী বলাগড়ের প্রসিদ্ধ মহেশচন্দ্র মুখোপাধ্যায়ের কন্যা।

—লক্ষ্ণৌ নগরে একজন কলু একজন মহাজনের কিছু টাকা ধারিত। মহাজন এক দিন আসিয়া তাহার নিকট টাকা চায় এবং সে দিতে অপারগ হওয়ায় মহাজন তাহাকে তিরস্কার করে। কলু এই অপমান সহ্য করিতে না পারিয়া আত্মহত্যা দ্বারা প্রাণত্যাগ করিয়াছে।

—বিলাতী দুই জন মেম ভাগ্য গণনা করায় রাজ দ্বারে দণ্ডিত হইয়াছে।

—পাবনার একজন মধ্যবর্ত্তী লোক আমাদিগকে এই পত্রখানি লিখিয়াছেনঃ—

